# আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১২৮১

৩৫/ কুরবানী (كتاب الأضاحي)

পরিচ্ছেদঃ ৩৫/১. কুরবানীর সময়।

وقتها

আরবী

حديث الْبَرَاءِ بْنِ عَازِبٍ، قَالَ: ضَحَّى خَالٌ لِي، يُقَالُ لَهُ أَبُو بُرْدَةَ، قَبْلَ الصَّلاَةِ، فَقَالَ لَهُ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: شَاتُكَ شَاةُ لَحْمٍ فَقَالَ: يَا رَسُولَ اللهِ إِنَّ عِنْدِي دَاجِنًا جَذَعَةً مِنَ الْمَعَزِ قَالَ: اذْبَحْهَا، وَلَنْ تَصْلُحَ لِغَيْرِكَ ثُمَّ قَالَ: مَنْ ذَبَحَ قَبْلَ الصَّلاَةِ فَإِنَّمَا يَذْبَحُ لِنَفْسِهِ، وَمَنْ ذَبَحَ بَعْدَ الصَّلاَةِ فَقَدْ تَمَّ نُسُكُهُ وَأَصَابَ سُنَّةَ الْمُسْلِمِينَ

বাংলা

১২৮১. বারাআ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আবু বুরদাহ (রাঃ) নামক আমার এক মামা সালাত আদায়ের পূর্বেই কুরবানী করেছিলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ তোমার বকরী কেবল গাশতের বকরী হল। তিনি বললেনঃ হে আল্লাহর রাসূল! আমার নিকট একটি ঘরে পোষা বকরীর বাচ্চা রয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সেটাকে কুরবানী করে নাও। তবে তা তুমি ব্যতীত অন্য কারোর জন্য ঠিক হবে না। এরপর তিনি বললেনঃ যে ব্যক্তি সালাত আদায়ের পূর্বে যবহ করেছে, সে নিজের জন্যই যবেহ করেছে (কুরবানীর জন্য নয়)। আর যে ব্যক্তি সালাত আদায়ের পর যবেহ করেছে, সে তার কুরবানী পূর্ণ করেছে। আর সে মুসলিমদের নীতি-পদ্ধতি অনুসারেই করেছে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৭৩: কুরবানী, অধ্যায় ৮, হাঃ ৫৫৫৬; মুসলিম, পর্ব ৩৫: কুরবানী, অধ্যায় ১, হাঃ ১৯৬১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=84509

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন